অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

শ্রম দিবসের সপ্তাহান্তকে সামনে রেখে গভর্নর হোকল নিরাপদে গাড়ি চালানোর ক্যাম্পেইন ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা পুরো ছুটির সপ্তাহান্তে মাতাল এবং বেপরোয়া চালকদের ধরতে টহল বৃদ্ধি করবে

2023 সালের শ্রম দিবসের সপ্তাহান্তের তুলনায় গ্যাসের মূল্য 9.5 শতাংশ হ্রাস পেয়েছে

প্রত্যাশিত রেকর্ড পরিমাণ ভ্রমণকে সামনে রেখে থ্রুওয়ে কর্তৃপক্ষ, পরিবহন বিভাগ রাস্তার কাজ স্থগিত রাখবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে শ্রম দিবসের সপ্তাহান্তে স্টেট পুলিশ (State Police) এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা টহল বৃদ্ধির মাধ্যমে মাতাল এবং বেপরোয়া চালকদের বিরুদ্ধে অভিযান করবে। আইন বলবৎকরণের সময়কাল শুরু হবে 30 সেপ্টেম্বর, 2024, শুক্রবার এবং তা 2 সেপ্টেম্বর, 2024, সোমবার পর্যন্ত চলবে। পাশাপাশি, যেহেতু বিগত শ্রম দিবসের সপ্তাহান্তের তুলনায় গ্যাসের মূল্য 9.5 শতাংশ হ্রাস পেয়েছে, তাই রেকর্ড পরিমাণ ভ্রমণ হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে এবং রাস্তার নির্মাণকাজ স্টেটের প্রধান রাস্তায় স্থগিত করা হচ্ছে।

"আমরা চাই সকল নিউ ইয়র্কবাসী শ্রম দিবসের সপ্তাহান্ত উপভোগ করে এবং স্মৃতি তৈরি করে গ্রীষ্মকালটি শেষ করুক," **গভর্নর হোকল বলেন।** "সংঘর্ষ, মারাত্মক আঘাত এবং প্রাণহানি এড়ানো সহজ; সংযত থাকুন, সতর্ক থাকুন এবং গতিসীমা মেনে চলুন।"

বলবৎকরণ সচল করা

গাড়ির চালকরা এই ছুটির সপ্তাহান্তে প্রকৃতিস্থতা পরীক্ষা করার চেকপয়েন্ট এবং রাজ্যের পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলির দ্বারা বর্ধিত টহলদারী দেখতে পাওয়ার আশা করতে পারেন। আইন লঙ্ঘন করা মোটরচালকদের সহজে সনাক্ত করার জন্য ট্রুপারগণ অভিযানের অংশ হিসেবে চিহ্নিত স্টেট পুলিশের যানবাহন এবং পরিচয় গোপনকারী ট্র্যাফিক আইন প্রয়োগকারী (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন উভয়ই ব্যবহার করবে। CITE যানবাহনগুলো গাড়ি চালানোর ক্ষেত্রে লঙ্ঘনের ঘটনাগুলো আরো ভালোভাবে

পর্যবেক্ষণ করার সুযোগ করে দেয়। এই যানগুলি স্বাভাবিক ট্র্যাফিকের সাথে মিশে যেতে পারে, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

2023 সালের শ্রম দিবসের সপ্তাহান্তে আইন শৃঙ্খলা রক্ষাকারী অফিসারগণ স্টেটব্যাপী 988 জন ব্যক্তিকে মাতাল/মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর (Driving While Intoxicated/Impaired, DWI) জন্য গ্রেফতার করেছে এবং মোট 28,856টি টিকেট প্রদান করেছে।

নিরাপদে বাড়ি পৌঁছানোর একটি উপায় খুঁজতে সাহায্য পাওয়ার জন্য STOP-DWI এর হ্যাভ এ প্ল্যান অ্যাপটি ব্যবহার করার জন্য গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি (Governor's Traffic Safety Committee, GTSC) চালকদের তাগিদ প্রদান করছে। বিনামূল্যের এই অ্যাপটি ব্যবহারকারীদের একজন চালক মনোনীত করার, ক্যাব বা রাইডশেয়ার ডাকার, এবং মাতাল অবস্থায় গাড়ি চালানোর পরিণতি পর্যালোচনা করতে দেয়। এমনকি ব্যবহারকারীরা এই অ্যাপ ব্যবহার করে মাতাল বা নেশাগ্রস্ত গাড়ি চালক সম্পর্কে রিপোর্টও করতে পারেন। এই অ্যাপটি অ্যাপল (Apple), অ্যান্ড্রয়েড (Android) এবং উইন্ডোজ (Windows) স্মার্ট ফোনের জন্য উপলভ্য আছে।

এছাড়াও মোটরচালকদেরকে স্টেটের মুভ ওভার আইন (Move Over Law) মেনে চলার কথা স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে, যেটিকে এই মার্চে সম্প্রসারিত করা হয়েছে। সম্প্রসারিত আইনের অধীনে, সকল চালককে রাস্তায় থেমে থাকা সকল যানবাহনের জন্য অবশ্যই গতি ধীর করতে হবে এবং নিরাপদ হলে সরে যেতে হবে।

নিউ ইয়র্ক স্টেটের মোটর যান বিভাগের (Department of Motor Vehicles, DMV) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির সভাপতি মার্ক জে এফ শ্রোডার বলেন, "নিউ ইয়র্কের রাস্তাকে নিরাপদ রাখার ক্ষেত্রে আমাদের সক্ষমতাকে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীতে আমাদের অংশীদারগণ আরো বলীয়ানই করছে। আমাদের হাইওয়ে থেকে মাতাল এবং বেপরোয়া চালকদের অপসারণ করতে পুলিশের অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমি তাদের ধন্যবাদ জানাতে চাই। গ্রীষ্মকালের শেষ হওয়া উদযাপন করার সময় তৈরি করা স্মৃতিকে কখনোই দুর্ঘটনা দ্বারা কলুষিত হতে দেওয়া উচিত না। কয়েক মিনিট সময় নিয়ে নিরাপদে বাড়ি ফিরে যাওয়ার একটি পরিকল্পনা করা অতি গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন, "আমরা খুব ভালো করেই জানি যে মাতাল, বেপরোয়া, এবং অমনোযোগী চালকদের দ্বারা সৃষ্ট দুর্ঘটনা প্রতিরোধযোগ্য। স্টেটের ট্রুপারগণ এই ছুটির বলবৎকরণ সময়ে রাস্তায় অনেক বেশি উপস্থিত থাকবে, অপ্রয়োজনে অন্যদের বিপদের সম্মুখীন করে এমন চালকদের ধরতে কাজ করবে। আমাদের রাস্তাকে সকলের জন্য নিরাপদ রাখতে নিরাপত্তাকে একটি শীর্ষ অগ্রাধিকার করার ব্যাপারে গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিশনের একই প্রতিশ্রুতির কারণে আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা ফ্র্যাঙ্ক জি হোয়ার বলেন, "আমাদের মোটরচালক এবং আমাদের কর্মচারীদের নিরাপত্তাই থ্রুওয়ে কর্তৃপক্ষের শীর্ষ অগ্রাধিকার। রাস্তার পাশে কোনো গাড়িকে দেখলে মোটরচালকদের উচিত গতি ধীর করা এবং নিরাপদে সরে যাওয়া। আমাদের কর্মচারী এবং জরুরি সাড়াদানকারীরা পুরো ছুটির সপ্তাহান্তে মোটরচালকদের সহায়তা করতে রাস্তায় থাকবে, এবং আমরা চাই সকলেই যাতে নিরাপদে তাদের পরিবারের কাছে বাড়ি ফিরতে পারে।" থ্রুওয়েতে টহল দেওয়ার জন্য এবং মোটরচালকদের নিরাপদ রাখার জন্য নিউ ইয়র্ক স্টেট পুলিশের ট্রুপ T এ আমাদের অংশীদারদের আমরা ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের (Department of Transportation) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "শ্রম দিবসের সপ্তাহান্তটি হলো নিউ ইয়র্কবাসীর জন্য অফলাইনে যাওয়া, ঘরের বাইরে যাওয়া, এবং আবহাওয়ার পরিবর্তন এবং পূর্ণোদ্যমে স্কুল শুরু হওয়ার পূর্বে বাইরে গিয়ে গ্রীষ্মকালের শেষ অংশটুকু উপভোগ করার একটি সুযোগ। এই ছুটির সপ্তাহান্তের সময় নির্মাণকাজ স্থগিত করার ফলে, যারা আমাদের রাস্তায় যাতায়াত করছে তারা তাদের ছুটির গন্তব্যে পৌঁছাতে সর্বনিম্ন বিঘ্নের সম্মুখীন হবে, এবং সেই সাথে এম্পায়ার স্টেটের বহু সৌন্দর্য উপভোগ করতে পারবে। সকল চালকদেরকে আমি রাস্তার নিয়ম মেনে চলার জন্য তাগিদ প্রদান করছি কারণ আমাদের সকলের সতর্ক থাকা এবং নিরাপদে গাড়ি চালানোর কাজটির উপর মনোযোগ প্রদান করার উপর নিরাপত্তা নির্ভর ওরে। সকল মোটরচালকের জন্য সিটবেল্ট লাগানো, ফোন রেখে দেওয়া, এবং জরুরি যানবাহনের জন্য সরে যেতে প্রস্তুত থাকা গুরুত্বপূর্ণ।"

ব্যাটাভিয়া সিটির পুলিশের চীফ এবং নিউ ইয়র্ক স্টেটের পুলিশ চীফ অ্যাসোসিয়েশনের (New York State Association of Chiefs of Police) প্রেসিডেন্ট শন হিউবাচ বলেন, "শ্রম দিবসের এই সপ্তাহান্তে এটি স্মরণ রাখা অতি গুরুত্বপূর্ণ যে মাতাল অবস্থায় গাড়ি চালানো বা গতিসীমা লঙ্ঘন রা দুর্ঘটনার ঝুঁকি বহুগুণে বৃদ্ধি করে এবং জীবনকে ঝুঁকিগ্রস্ত করে। মাতাল অবস্থায় গাড়ি চালানোর সময় প্রতিক্রিয়ার সময় কমে যায় এবং বিচারবুদ্ধি কমে যায়, এবং গতিসীমা লঙ্ঘন করে গাড়ি চালালে রাস্তার হঠাৎ পরিবর্তনে সাড়াদানের ক্ষমতা কমে যায়। অনুগ্রহ করে দায়িত্বশীলভাবে উদযাপন করুন, একজন চালককে মনোনীত করা নিশ্চিত করুন, এবং সকলের জন্য আমাদের রাস্তাকে নিরাপদ রাখতে সর্বদা গতিসীমা মান্য করুন। পুরো নিউ ইয়র্ক স্টেটের পুলিশ এজেন্সিসমূহ আমাদের রাস্তার নিরাপত্তা নিশ্চিত করতে বাইরে থাকবে।"

ডেলাওয়্যার কাউন্টির শেরিফ এবং নিউ ইয়র্ক স্টেটের শেরিফ অ্যাসোসিয়েশনের (NYS Sheriffs' Association) প্রেসিডেন্ট ক্রেইগ ডুমন্ড বলেন, "যখন কেউ মাতাল অবস্থায় গাড়ি চালায় তখন তারা নিজেদের, নিজেদের যাত্রীদের, এবং জনগণকে ঝুঁকিগ্রস্ত করে। বাড়ি ফেরত যাওয়ার জন্য একটি পরিকল্পনা করে রাখুন। বার্তাটি স্পষ্ট: সংযত অবস্থায় গাড়ি চালান বা আপনাকে থামানো হবে। নিউ ইয়র্ক স্টেটের শেরিফগণ চায় যাতে আপনারা শ্রম দিবসের সপ্তাহান্ত এবং গ্রীষ্মকালের শেষ হওয়াকে উপভোগ করতে পারেন কিন্তু মাতাল অবস্থায় গাড়ি না চালিয়ে বুদ্ধিমান উপায়ে তা করুন।"

নির্মাণকাজের প্রকল্প স্থগিত করা হচ্ছে

শ্রম দিবস সপ্তাহান্তে গতানুগতিকভাবে পুরো স্টেটে অতিমাত্রায় ট্র্যাফিক দেখা যায়। ব্যস্ত ছুটির সপ্তাহান্তের সময় ভ্রমণ সহজ করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের হাইওয়েসমূহে রাস্তা ও ব্রিজের নির্মাণ প্রকল্পসমূহের জন্য অস্থায়ীভাবে লেন বন্ধ রাখাকে স্থগিত করা হবে যা 30 আগস্ট, শুক্রবার, সকাল 6:00টা থেকে শুরু হয়ে 3 সেপ্টেম্বর, মঙ্গলবার, সকাল 6:00টা পর্যন্ত স্থায়ী হবে।

মোটরচালকদের খেয়াল রাখা উচিত যে স্থায়ী কংক্রিট প্রতিবন্ধকতার পেছনে বা জরুরি মেরামতের জন্য কিছু কাজ অব্যাহত থাকতে পারে। নির্মাণকাজ স্থগিত রাখা নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ফার্স্ট উদ্যোগের (Drivers First Initiative) সাথে সামঞ্জস্যপূর্ণ, এতে ট্র্যাফিক জ্যাম এবং রাস্তা ও ব্রিজের কাজের কারণে ভ্রমণের বিলম্ব সর্বনিম্ন করতে মোটরচালকদের সুবিধাকে অগ্রাধিকার প্রদান করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ মোটরচালকদের মনে করিয়ে দিচ্ছে যে যদিও 19টি সেবা এলাকা খোলা থাকবে, তবে আটটি বন্ধ থাকবে এবং 450 মিলিয়ন মার্কিন ডলারের পুনর্গঠন প্রকল্পের অংশ হিসেবে নির্মাণাধীন থাকবে। সব জায়গায় জ্বালানি পরিষেবা খোলা থাকবে। মোটরচালকেরা থ্রুওয়ে কর্তৃপক্ষের ওয়েবসাইট ও আইফোন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসে বিনামূল্যে ডাউনলোড করার জন্য উপলভ্য থাকা মোবাইল অ্যাপ থেকে সেবা এলাকাগুলি দেখতে পারবে এবং সেই অনুযায়ী নিজেদের থামার স্থানের ব্যাপারে পরিকল্পনা করতে পারবেন। এছাড়াও, চলার পথে মোটরচালকদের বাস্তব সময়ের ট্র্যাফিক ও দিকনির্দেশনা সংক্রান্ত সহায়তা অ্যাপটি প্রদান করে। এছাড়াও মোটরচালকেরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ইমেইলের জন্য সাইন আপ করতে পারবে, যেটি থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে সর্বশেষ তথ্য প্রদান করে।

স্টেট হাইওয়ে সংলগ্ন পার্ক-ও-রাইড ফ্যাসিলিটি, বিশ্রামের স্টপ, সার্ভিসের জায়গা ও পার্কিংয়ের জায়গা সহ টেক্সট স্টপগুলো গাড়ি চালানোর সময় মনোযোগে বিঘ্ন ঘটা কমিয়ে আনার জন্য স্টেটের প্রচেষ্টায় সহায়তা করে। সব টেক্সট স্টপ খোলা থাকবে, যেখানে গাড়ি চালকরা কল করা, টেক্সট পাঠানো, নেভিগেট করা ও মোবাইল অ্যাপ অ্যাক্সেস করার জন্য নিরাপদে ও সুবিধাজনক উপায়ে তাদের ফোন ও অন্যান্য মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারবেন। গাড়ি চালানোর সময় টেক্সট করা বিশেষ করে বিপজ্জনক, কারণ এতে মোটরচালকদের তাদের চোখ রাস্তা থেকে সরাতে হয়, স্টিয়ারিং থেকে হাত সরাতে হয় এবং গাড়ি চালানো থেকে মন সরাতে হয়।

ভ্রমণকারীরা ভ্রমণের আগে 5-1-1 এ ফোন করে, 511 ওয়েবসাইট ভিজিট করে,, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপটি আইটিউনস (iTunes) বা গুগল প্লে (Google Play) থেকে ডাউনলোড করে NYSDOT এর 511NY দেখে নিতে পারবে। এই বিনামূল্যের পরিষেবা ব্যবহারকারীদেরকে রাস্তার অবস্থা চেক করা, 2,219 টি ট্রাফিক ক্যামেরার দৃশ্য দেখা এবং বিমান ও ট্রানজিটের তথ্যের সাথে সংযোগ করার সুযোগ দেয়। অ্যাপটিতে ড্রাইভ মোডের বৈশিষ্ট্য রয়েছে যা কোনও ব্যবহারকারী যখন গাড়ি চালান তখন তার বাছাই করা রাস্তার বিষয়ে শ্রবণযোগ্য সতর্কতা সরবরাহ করে, ঘটনা এবং নির্মাণ সম্পর্কে তাদের সতর্ক করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন